

দাঁড়াও, কোথা চলো, তোমরা কে বলো বলো ॥
আমরা আহিরিনী, সারা হল বিকিকিনি -
দূর গাঁয়ে চলি ধেয়ে আমরা বিদেশী মেয়ে ।

ঘাটে বসে হোথা ও কে ॥

সাথী মোদের ও যে নেয়ে -

যেতে হবে দূর পারে,

এনেছি তাই ডেকে তারে ।

নিয়ে যাবে তরী বেয়ে

সাথী মোদের ও যে নেয়ে -

ওগো প্রহরী, বাধা দিয়ো না, বাধা দিয়ো না,

মিনতি করি, ওগো প্রহরী ॥

Parjaay: Shyama, Taal: Kaharwa, Raag: Khambaj

Visit www.geetabitan.com for notation and other detail